



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ৪ জুন ২০১৮খ্রি.

## সিটি মেয়রের সাথে বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রের নব নিযুক্ত জিএম এর সৌজন্য সাক্ষাত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে ৪ জুন ২০১৮ খ্রি. সোমবার, দুপুরে, সম্প্রতি বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রে নিযুক্ত জেনারেল ম্যানেজার নুরুল আযম পবন সৌজন্য সাক্ষাত করেন। সাক্ষাতে মেয়র চট্টগ্রাম কেন্দ্রের অনুষ্ঠানমালাকে আধুনিকতায় তেলে সাজাবার পরামর্শ দেন। তিনি চট্টগ্রামের ইতিহাস ঐতিহ্য, সংস্কৃতি, রাজনীতি, ভাষা, সমাজনীতিসহ নানা দিকগুলোকে তুলে ধরার আহবান জানান। সাক্ষাতে নব নিযুক্ত জিএম নুরুল আযম পবন তাঁর দায়িত্ব পালনকালীন সময়ে মেয়রের সহযোগিতা কামনা করেন।

চট্টগ্রাম- ৪ জুন ২০১৮খ্রি.

## নওয়াব ওয়ালী বেগ খাঁন মসজিদ ওয়াকফ এস্টেট চট্টগ্রামের পরিচালনা কমিটি অনুমোদিত

বাংলাদেশ ওয়াকফ প্রশাসকের কার্যালয় নওয়াব ওয়ালী বেগ খাঁন মসজিদ চট্টগ্রামের সুষ্ঠু ব্যবস্থাপনা ও পরিচালনার স্বার্থে ১৮ সদস্য বিশিষ্ট এস্টেট পরিচালনা কমিটি ৩ জুন ২০১৮ খ্রি. হতে পরবর্তী ৩ বছর মেয়াদে অনুমোদিত হয়েছে। বাংলাদেশ ওয়াকফ প্রশাসনের সহকারী প্রশাসক মো. কামরুজ্জামান স্বাক্ষরিত স্মারক নং- ওঃপ্রঃ/চট্ট/২/১৪২ তারিখ-৩/০৬/২০১৮ খ্রি. মূলে এই অনুমোদন দেয়া হয়। কমিটিতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন সভাপতি, আলহাজ্ব ইয়াছিন আলী, আলহাজ্ব এনামুল হক, সায়েদ গোলাম হায়দার মিন্টু সহ সভাপতি, এডভোকেট চৌধুরী মোহাম্মদ জাফরুল্লাহ খান সাধারণ সম্পাদক/মোতাওয়াল্লী, মোজাহেরুল ইসলাম চৌধুরী সহ সম্পাদক, হাফেজ জহুরুল ইসলাম কোষাধ্যক্ষ, ইঞ্জিনিয়ার রফিক চৌধুরী সহ কোষাধ্যক্ষ এবং মো. আব্দুল ওয়াহেদ রিপন, ফুয়াদ খলিল আলম ফাহামী, মো. শাহজাহান, আব্দুর রউফ, মো. নওশেদ টিপু, মোহাম্মদ আলী, মকবুল আহম্মদ, মো. নাজিম উদ্দিন, মো. কামরুল হাসান ও এড. শাহেদুল আজম শাকিল কার্যনির্বাহী সদস্য নির্বাচিত হয়েছেন। ৪ জুন ২০১৮ খ্রি. দুপুরে উক্ত এস্টেট পরিচালনা কমিটির সদস্যসহ নেতৃবৃন্দ কমিটির সভাপতি ও সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীনের সাথে নগরভবনে তাঁর দপ্তরে সৌজন্য সাক্ষাত করেন। সাক্ষাতে মেয়র নওয়াব ওয়ালী বেগ খাঁন মসজিদের উন্নয়ন, রক্ষণাবেক্ষন এবং ধর্মীয় যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে নিষ্ঠার সাথে পরিচালনার জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন।

সংবাদদাতা  
মো. আবদুর রহিম  
জনসংযোগ কর্মকর্তা  
চট্টগ্রাম সিটি কর্পোরেশন